

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গণপূর্ত অধিদপ্তর
প্রগতি শাখা

বিষয়	: মে/২০১৬ প্রাক-সমন্বয় সভার কার্যবিবরণী
সভাপতি	: জনাব মোঃ খোরশেদ আলম, অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সওস)
তারিখ ও সময়	: ১১/০৫/২০১৬ইং, বুধবার, দুপুর ১২.০০ ঘটিকা
স্থান	: প্রধান প্রকৌশলীর সভাকক্ষ
উপস্থিতি তালিকা	: সংযুক্ত

সভাপতি সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বিষয়ভিত্তিক আলোচনার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাকে পরামর্শ দেন। আলোচনা ও সিদ্ধান্ত নিম্নরূপঃ

আলোচ্যসূচী-১ : বিভিন্ন অনিস্পন্ন বিষয় সংক্রান্ত:

আলোচনা : সভায় জানানো হয় গণপূর্ত অধিদপ্তর সম্পর্কিত ৪৪টি অনিস্পন্ন আইটেমের মধ্যে তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংস্থাপন) এর আওতাধীন ০১টি, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (উন্নয়ন) এর আওতাধীন ৪২টি এবং তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ডিজাইন সার্কেল-১) এর আওতাধীন ০১টি আইটেম রয়েছে। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (উন্নয়ন) বলেন ৪৪টি অনিস্পন্ন আইটেমের মধ্যে ১৫টি আইটেমের প্রতিবেদন ইতিমধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। ১১টি আইটেমের প্রতিবেদন সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী কর্তৃক উর্দ্ধতন দপ্তরে প্রেরণ করা হয়েছে, যা মন্ত্রণালয়ে প্রেরণের কার্যক্রম চলমান রয়েছে। ৮টি আইটেমের প্রতিবেদন জমির মালিকগণ কাগজপত্র দাখিল না করায় প্রনয়ণ সম্ভব হচ্ছে না। অবশিষ্ট ৮টি আইটেমের প্রতিবেদন মন্ত্রণালয় হতে চিঠির অনুলিপি সংগ্রহ পূর্বক প্রনয়ণের উদ্যোগ গ্রহণ করা হবে। সভায় আরও জানানো হয় তিন মাসের উর্দ্ধে অনিস্পন্ন বিষয়গুলো নিস্পত্তি না হওয়ার কারণ উল্লেখ পূর্বক তথ্যাদি মন্ত্রণালয়কে জানানো হয়েছে। আলোচনায় এ পর্যায়ে সভাপতি বলেন, অনিস্পন্ন বিষয়সমূহ গুরুত্বের সাথে নিস্পন্ন করার সকল উদ্যোগ অব্যাহত রাখতে হবে। তাছাড়া অনিস্পন্ন বিষয়সমূহ তদারকী এবং মন্ত্রণালয়ের সাথে সমন্বয়ের মাধ্যমে নিস্পত্তির বিষয়ে পদক্ষেপ গ্রহণের জন্য নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে ফোকাল পয়েন্ট হিসাবে মনোনয়ন প্রদান করা অপরিহার্য।

- ১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (উন্নয়ন) - জমি সংক্রান্ত অনিস্পন্ন বিষয়।
- ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংস্থাপন) - চাকুরী/নিয়োগ/ বিভাগীয় মামলা সংক্রান্ত অনিস্পন্ন বিষয়।
- ৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (মনিটরিং এন্ড অডিট) - অডিট সংক্রান্ত অনিস্পন্ন বিষয়।
- ৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়) - অন্যান্য বিষয়াদি।

সিদ্ধান্ত : (ক) যে সমস্ত অনিস্পন্ন বিষয়ের প্রতিবেদন এখনও মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়নি, তা জরুরী ভিত্তিতে প্রেরণের উদ্যোগ গ্রহণ করতে হবে।
(খ) ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের মনোনীত করার বিষয়টি পত্র দিয়ে মন্ত্রণালয়কে অবহিত করতে হবে। এ ব্যাপারে তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংস্থাপন) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

বাস্তবায়ন : তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংস্থাপন)/(উন্নয়ন)/ ডিজাইন সার্কেল-১, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

